

মাজার-ই-শরিফে সন্ত্রাসবাদী হামলার কড়া নিন্দা ভারতের

২১ এপ্রিল মাজার-ই-শরিফে সন্ত্রাসবাদী হামলায় আফগানিস্তানের ন্যাশনাল ডিফেন্স ফোর্সের সাহসী সেনা-সহ সাধারণ মানুষের মৃত্যুতে কড়া নিন্দা করল ভারত। ভারত সরকার এবং জনগণ এই ঘটনায় গভীর সমবেদনা প্রকাশ করেছে এবং এই কঠিন সময়ে আফগান সরকার ও সেখানকার জনসাধারণের পাশে দাঁড়িয়েছে।

এই সন্ত্রাসবাদী হামলা আফগানিস্তানের সীমানার বাইরে জঙ্গিদের নিরাপদ আশ্রয়স্থল এবং সমর্থনকে অবিলম্বে ধ্বংস করার কথাই মনে করিয়ে দেয়। সন্ত্রাসের বিরুদ্ধে যে কোনও প্রকার লড়াইয়ে এবং সন্ত্রাসবাদীদের শাস্তি দেওয়ার বিষয়ে আফগানিস্তানের যে কোনও প্রকার পদক্ষেপকে সমর্থন করে ভারত এবং সে তার সমর্থনে অবিচল।

নয়াদিল্লি

এপ্রিল ২২, ২০১৭